যুগান্তর

24 JUN 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# বেসরকারি শিক্ষকদেরও ১০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়ার নীতিগত সিদ্ধান্ত

রাশেদ আহমেদ

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের ১০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। একশ' ভাগ বেতন-ভাতার দাবির বিপরীতে তাদের এই মহার্ঘ ভাতা দিয়ে আপাতত সন্তুষ্ট রাখার চিন্তা-ভাবনা হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সূত্র জানায়, সারাদেশে এমপিওভুক্ত ৪ লাখ ৪২ হাজার ৫০ জন বেসরকারি শিক্ষক রয়েছেন। তাঁরা মূল বেতনের ৯০ শতাংশ সরকারি তহবিল থেকে পাচ্ছেন। তাদের ১০ শতাংশ মহার্ঘ ভাতা দিতে অতিরিক্ত আরও পৌনে ২০০ কোটি টাকা দরকার হবে। এ টাকা দেয়ার জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাবও দেয়া হয়েছে।

মুদ্রাস্ফীতির ঊর্ধ্বগতি ও জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির কারণে অর্থমন্ত্রী এম সাইফুর রহমান

শিক্ষক : পৃষ্ঠা ২ : কলাম ৪

## শিক্ষক : মহার্ঘ ভাতা

(১ম পৃষ্ঠার পর)

বাজেটে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ১০ শতাংশ মহার্ঘ ভাতা দেয়ার প্রস্তাব করেছেন। কিন্তু তিনি বেসরকারি শিক্ষকদের মহার্ঘ ভাতা অথবা ১০০ ভাগ বেতন-ভাতা দেয়ার কোন ঘোষণা দেননি। জোট সরকার ক্ষমতায় আসার পর থেকেই বেসরকারি শিক্ষকরা ১০০ ভাগ বেতন-ভাতার দাবি করে আসছেন। বিএনপির নির্বাচনী ইশতেহারে ১০০ ভাগ বেতন-ভাতা দেয়ার প্রতিশ্রুতি ছিল; কিন্তু গত দু'টি বাজেটেও তা ঘোষণা হয়নি।

এ ব্যাপারে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক যুগান্তরকে বলেন, বেসরকারি শিক্ষকদের আপাতত আমরা ১০০ ভাগ বেতন-ভাতা দিতে পারছি না। এ টাকা দেয়ার মতো সামর্থ্য এখন সরকারের নেই। তবে যেহেতু সরকারি শিক্ষকরা ঘোষিত ১০ শতাংশ মহার্ঘ ভাতা পাবেন তাই সামঞ্জস্য রক্ষার জন্য বেসরকারি শিক্ষকদেরও এ মহার্ঘ ভাতা দেয়ার চিন্তা-ভাবনা করা হচ্ছে।

এদিকে বেসরকারি শিক্ষকরা ১০০ ভাগ বেতন-ভাতা দেয়ার দাবি বাস্তবায়িত না হওয়ায় ক্ষুব্ধ হয়ে আন্দোলনে নামার হুমকি দিয়েছেন। গত শুক্রবার জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট ১০০ ভাগ বেতন ও ৩০ ভাগ মহার্ঘ ভাতাসহ ৮ দফা দাবিতে ৩০ জুন দেশব্যাপী জেলায় জেলায় বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। বিভিন্ন ধাপে তারা দেড় মাসের কর্মসূচি দিয়েছে। জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের সমন্বয়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমদ সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এ কর্মসূচির ঘোষণা দেন।